## **উ**ৎमर्ग।

## अक्षां काम

পিতৃব্য-তনয় শ্রীযুক্ত বাবু অখিলচন্দ্র সেন, এম্, এ, বি, এল্।

नान्।,

আমার ঘটনাপূর্ণ ক্ষুত্র জীবনের হুইটা শোক্ষাবহ অক্ষণ আপনার অক্ষত্রিম ক্ষেছে এবং ভ্রাণাবাৎসলাে বিভাসিত। একটা অক বছনদিন হইল অভিনীত হইয়া গিয়াছে; দিতীয়টির অভিনয় এথনও শেষ হয় নাই। অদৃষ্ঠ অককার; নির্মাম দানােরের অস্তাঘাতে সরল কোমল হদয় কত বিক্ষত হইতিছে। এই ঘােরতর অক্ষকারে একটা মাত্র অপার্থি ব্ আলোক সমান ভাবে জলিতিছে, সেই আলোকটা আপনার স্বেহ। আজি আভ্তল-বক্ষ হইয়া গলদক্র-ধারায় সেই আলোকের পূজা করিয়া এই ক্ষুত্র কবিতা উপহার প্রদান করিলাম; গ্রহণ করিলে স্থী হইব। আপনি "ক্লিওপেটাকে" অস্তরের সহিত ভাল বাসেন। আদ্বের ভূণও অম্লানেক এই বিশ্বাসে ক্লিওপেটা আপনার করে অপি ত ইইল।

কলিকাতা। ১লা ভাজ, সন১২৮৪ সাল।

আপনার লেহের নবীন।

## একটি-কথা।

সংসার যাহাকে পাপ বলে, ক্লিওপেট্রার জীবন সেই পাপে পরিপূর্ণ। অতএব ক্লিওপেট্রাকে সাহিত্য-সমাজে উপস্থিত করিলাম বলিয়া আমি বঙ্গদেশীয় সম্প্রদায় বিশেষের কাছে হয় ত তীর কটাক ভাজন হইব। তবে জানিয়া শুনিয়া এরূপ কবিতা কেন লিথিলাম ? বলিতেছি।

স্বভাবের বিচিত্রতা পরিপূর্ণ মাতৃ-ভূমিতে অবস্থান কালে এক দিন অপরাহে একটি সম্দ্র-শৈকতে বিদিয়া ক্লিওপেট্। জীবনের একথানি ক্ষুদ্র আথারিকা পড়িতেছিলাম। পাঠ সমাপন করিয়া মন্তক তুলিয়া সন্ধালোকে একটী চমৎকার দৃশা দেখিলাম। সন্মুথে তরঙ্গারিত অনস্ত সম্দ্র; দূরে সলিলাকাশের সন্মিলন-রেথার মধ্যস্থলে স্থানের সলিল-শ্যার শোভা পাইতেছেন। সেই "জ্বা কুস্তম সংকাশ" মূর্ত্তি বেষ্টিয়া নীলোজল উর্মিমালা নৃত্য করিতেছে। তিনি সেই নৃত্য দেখিতে দেখিতে আনন্দে জলধি-হদয়ে বিলীন হইলেন। তথন পট পরিবর্ত্তন হইয়া যেন আর একটী মনোহর দৃশ্য প্রদর্শিত হইল। সাদ্ধ্য নীলিমায় জলধিব ক্ষ আছেয় হইল; সেই নীলিমা অঙ্গে মাথিয়া তরঙ্গমালা নাচিতে লাগিল। দেখিলাম একটী কুদ্র তৃপ সেই অসীম স্মুত্ত-গর্ভে, — সেই অসমশ্যাতরঙ্গায়তে, সেই অপ্রতিহত স্থাত প্রভাবে, ভারিষ্টা

বাইতেছে; কুল পাইতে পারিতেছেনা। ভাবিলাম এই সংসারও সমূদ্র বিশেষ। ইহারও তরঙ্গ আছে, স্রোত আছে। ইহাও সময়ে সময়ে এইরপ সান্ধ্যতিমিরে আছের হইয়া থাকে। আমরা ইহাতে ওই তৃণের মত ভাসিয়া বেড়াইতেছি। যদি তরঙ্গ এবং স্রোতের প্রতিকৃলে যাইতে পারিতেছে না বিলয়া ওই তৃণের কোন পাপ না হয়, তবে মান্ত্র অবস্থার তরঙ্গ, ঘটনার স্রোত ঠেলিয়া উঠিতে পারে না বলিয়া কেন পাপী হইবে ? অভাগিনী ক্লিওপেট্রা সংসারের ঘোরতর ঝিটকায়, ভাহার বিশালতম তরঙ্গে ভাসিয়া গিয়াছিল বলিয়া কেনই বা পাপিনী হইল ?

যাহাকে পাপী বলিয়া ঘূণা করি তাহার অবস্থায় পড়িয়া কয় জন পৃথিবীতে পুণাবান বলিয়া পরিচিত হইতে পারি ? ভবে সেই অবস্থা হইতে দ্রে থাকা স্বতন্ত্র কথা—সেই অবস্থার ইচ্ছানুসারে পতিত হওয়া স্বতন্ত্র কথা। কিন্তু যাহা-দিগকে জনিবার্যা এবং জনীব্দিত ঘটনা স্রোতে সেই অবস্থা-পত্র করে আমি তাহাদের কথা,—এই অভাগিনী ক্লিওপেটার কথা—বলিতেছি। ক্লিওপেটার পিতা পাপিষ্ঠ, জ্যেষ্ঠ সহোদরা পতি-হত্তা, ক্লিওপেটার ভর্তা শিশু কনিষ্ঠ আতা; শিক্ষাদাতা হ্রাচার ক্লীব মনী। ক্লিওপেটার প্রণয়-প্রার্থী—দিগিজয়ী পৃথীপতি সিজার এবং এক্টনি। এক্লপ অবস্থায় পতিত হইয়া এতাদৃশ প্রণমীকে প্রভাগানা করিয়াছে বদি এমন রমণী দেখাইতে পার, তিনি দেবী; ক্লিওপেটার প্রেম

পুরোহিতের মত্ত্রে পবিত্রীকৃত <u>হইয়াছিল না</u> বৃদ্ধি যদি ভাহাকে দ্বণা করিতে হয়, করিও, কিন্ত ক্রিওপেট্রা অবস্থার দাসী বলিয়া দ্যা করিও, ক্লিওপেট্রা অভাগিনী বলিয়া দ্বংব করিও।

সমুদ্র তটে সেই সন্ধালোকে ক্লিওপেটার জীবনের আখ্যাবিকা পাঠ করিয়া তাহার প্রতি আমার আন্তরিক সহাত্ত্তি
হইয়াছিল। আমি তাহার রূপে মোহিত, প্রেমে দ্রবিত,
তাহার অসাধারণ মানসিক শক্তিতে চম্কৃত, এবং তাহার হতভাগো হংথিত হইয়াছিলাম। ভাবিয়া দেখিলাম ভারতীয়
সাহিত্য ভাগুরে এরূপ একটা রত্ন নাই। নাই বলিয়াই, সেই
সমুদ্র তটে বসিয়া এই কবিতাটি লিখিতে আরম্ভ করিয়াছিলাম,
এবং সেই দ্বীপে অবস্থান কালেই ইহা সমাপ্ত হইয়াছিল।

## ক্লিওপেট্ৰ।।

বিধির অনস্ত লীলা !—অনন্ত স্কন! এক দিকে দেখ, উচ্চ ভীমাদ্রি-শিখর. ভেদিয়া জীমূত-রাজ্য আছে দাঁড়াইয়া,— প্রকৃতি-গৌরব-ধ্বজা, অচল, অটল; অন্য দিকে দেখ নীল ফেণিল সাগর . ব্যাপিয়া অনন্ত রাজ্য !— সতত চঞ্চল, অচিন্ত্য জীবনে যেন সদা সঞ্চালিত, সদা বিলোডিত, সদা কম্পিত, গৰ্জিত। উপরে অসীম নভঃ নক্ষত্র-মালায় প্ৰজ্বলিত—কে বলিবে কত কাল হ'তে ? কে বলিবে কত কাল প্রজ্বলিত রবে ? नीटि नील नीत-ताबा - अनल, अनीम ; কত কাল হ'তে তাহে ভাসিতেছৈ হায়!-অসংখ্য পৃথিবী-খণ্ড কে বলিতে পারে গু কে বলিবে কত কাল ভাসিবে এ রূপে ?

মধ্যে এক খণ্ড বারি!—এক তীরে তার পুণ্য ভূমি ইউরোপ জুড়ায় নয়ন, রঞ্জিত স্বভাবে, শিল্পে—চারু অলঙ্কতা! অন্য তীরে প্রকৃতির প্রকাণ্ড শ্মশান, যরু ভূমে ভয়ঙ্কুতা "আফুিকা" ভী**ষণ**•! বিধির অনন্ত লালা! কে বলিবে হায়! এই ছুই রাজ্য এক শিল্পীর স্জন! লব্জিতা প্রকৃতি বুঝি তাই রোষ-ভরে, হতভাগ্য "আফ্রিকায়" করিতে মগন অনন্ত জলধি-জলে, তুই মহা শাখা করিলা প্রেরণ ছই সূচী-রক্ষু প্রথে— উত্তরে "ভূমধ্য,"—পূর্কে "রক্তিম-দাগর" মুঃখিনী আফুকা ভয়ে পড়িল কাঁদিয়া ''এসিয়া''-চরণ-তলে ; ভারত-গর্ভিণী দিলেন অভয়, রাখি ক্ষরের উপরে চরণ কনিষ্ঠাঙ্গুলি; অশক্ত বারীশ বলে টলাইতে তারে! সেই দিন হ'তে, পুণ্যবতী "এসিয়ার" শুভ পরশনে, মরু-ভূমি-মধ্যে মুগতৃষ্ণিকার মত, ্সোণার মিশর রাজ্য হইল হজন।

🕆 মিশুর অপূর্ব্ব স্থাষ্ট্র ! দৃশ্য মনোহর ! বিশাল অরণ্য যার তুর্লজ্যা প্রাচীর; আপনি দাগর গড়; প্রহরীর প্রায় • আছে দাঁড়াইয়া, জগত-বিশ্বয় ''টলেমির'' চির-কীর্ত্তি-স্তম্ভ(১) দারি দারি। অদুরে আলোক-স্তম্ভ(২) – আকাশ-প্রদীপ! জলিতেছে নীলাকাশে নক্ষত্রের মত,— নিশান্ধ নাবিকগণ-নয়ন-রঞ্জন ! শিল্পীর গরব ভাবি প্রকৃতি মানিনী, আগে দিলা "নীল" নদী(৩) নীল মণি-ছার,-তরল আভায় পূর্ণ। ভুবন-বিজয়া ''মেকিডন''-অধিপতি গ্রন্থি-স্থলে তার, বিশ-খ্যাত রাজধানী করিলা স্থাপন। (৪)

<sup>(</sup>১) Pyramid of Egypt, মিশর দেশের "পিরামিড" স্তস্ত।

<sup>(</sup>२) Inight-house of Sesostris, সেস্ট্রিস্ ঘীপের বাত্তি-বর।

<sup>(</sup>৩) River Nile, নীল নদী— আফুিকা দেশের নাইল কিছা নীল নদী।

<sup>(8)</sup> Alexandria, মেকিডন-অধিপতি বিখ্যাত এলেক-জাওার-কর্ত্তক সংস্থাপিত রাজধানী।

রাজধানী-রাজ-হর্ম্ম্যে বসিয়া নিরবে, বিরস বদনে আজি টলেমি-ছহিতা ক্লিওপেটা; স্মরি! চিত্র বিশ্ববিমোহিনী! ধরা-ব্যাপী ''রোম'' রাজ্যে, যে রূপের তরে ঘটিল বিপ্লব ঘোর; যে রূপ-শিখায় विश्वकशी वीद्रशन,—यांशादित शंग ! বীরপণা ইতিহাসে রয়েছে লিখিত অমর অক্ষরে ! করে, অস্ত্রে যাহাদের সমগ্র পৃথিবী-ভার ছিল সমর্পিত !— সিজার, এণ্টনি,—এই নামযুগলের সসাগরা বস্তন্ধরা ছিল সমতুল !--হেন বীরগণ, যেই রূপের শিখায় পুড়িয়া পতঙ্গ-প্রায় হ'লো ভক্মীভূত, কেমনে বর্ণিব আমি সে রূপ কেমন ? মিশর-বিহনে এই আফ্কা যেমন মরুভূমি, এই রূপ-বিহনে তেমন— কেবল মিশর নছে—এই বস্তন্ধরা বিস্তীর্ণ অরণ্য-সম। চিত্রিব কেমনে হেন রূপুরাশি ?—রূপ অনুপম ভবে ! ক্লনা-অতীত রূপ, নহে চিত্রদীয়!

বিষাদ্ধ খারে এই রূপ-কহিমুর জ্বলিতেছে, ভাসিতেছে স্থথতারা-সম বিষাদ-আকাশ-গায়ে যুগল-নয়ন।, তুই বিন্দু — তুই বিন্দু বারি, — মুক্তানিভ ! — আছে দাঁড়াইয়া তুই নয়ন-কোণায়; নড়ে না, ঝরে না,—আহা! নাহি চাহে যেন তাজি সেই অনঙ্গের আনন্দ-আসন, পড়িতে ভূতলে ; হেন স্বৰ্গ-ভ্ৰফ হ'তে কে চাহে কখন ? যেই নয়নের জ্যোতিঃ কামান-অভেদা বক্ষে করিয়া প্রবেশ, উচ্ছাদিয়া হৃদয়ের বিলাদ-লহরী, ভাসাইল তাহে রোম-হেন রাজ্য-লিপ্সা,-সমাগরা পৃথিবীর রাজ-সিংহাসন! আজি সেই নেত্ৰ আহা! সজল এমন! विषान-लहती, পूर्ण-वनन-ठिख्या, वष-वाकामन भूटर्छ टक्टलाइ ट्रिलियां ; অপমানে কেশরাশি বিলম্বিয়া কায়. আসনের পৃষ্ঠ বাহি পড়িয়া ধরায়, বিদারি ভূতল চাহে পশিতে তথায়;— ''রোমেশ''-ছদয় যার অতুল আধার,

স্থর্ণ সিংহাসন তার তুচ্ছ অতিশয় ! রক্ষিত যুগল কর, বক্ষে রমণীর— হায়! যেই রমণীর কর-সঞ্চালনে বীরগণ-ছাদয়ও হইত চঞ্চল, প্রণয়-তাড়িত-কেপে;—ইঙ্গিতে যাহার চলিত পুতল-প্রায় ধরার ঈশ্বর,— আজি সেই কর জাহা! অবশ, অচল! পাষাণ হৃদয়োপরে, পাষাণের প্রায় বয়েছে পড়িয়া; বুঝি হৃদয়-পিঞ্জর ভাঙ্গি রমণীর প্রাণ চাহে পলাইতে, সেই হেন্তু হায়। এই যুগল পাষাণ, द्वारथाइ ठाशिया भारे समय-कदांछ । দৃষ্টিহীন সঙ্কোচিত যুগল নয়ন,— অপলক, অচঞ্চল! চাহি উর্দ্ধ পানে; कृषः द्रिथामिङ इहे कमलात मला, रहेशांट्यु देवन नीलग्रिन मिक्रदेन ! মরি ৷ কি বিষাদ মূর্তি ৷ 🦠 🖖

সম্পুথে বামার,

রভন-খচিত খেত প্রস্তরের মঞ্চে, শোভিছে আহ্বিচয়; বহু-মূল্য পাতে

শোভিছে মিশর-জাত সুরু! নিরমল। উপরে জ্বলিছে দীপ বিলমিত কাড়ে; বিমল স্ফটিক-দীপ শাখায় শাখায় ' জ্বলিতেছে, চারু চিত্র-খচিত দেয়ালে। অনন্ত-আনন্দময়ী, আমোদ-রূপিনী ক্লিওপেটা স্থন্দরীর, এই সেই কক্ষ মনোহর!—অনঙ্গের চির-বাদ। রতি অধিষ্ঠাত্রী দেবী ৷—বেই কক্ষ-আনন্দের ধ্বনি, অতিক্রমি সিন্ধু, প্রবেশিয়া রোমে "দেনেট''-মন্দিরে(৫) হ'তো প্রতিধানিময়<sup>া</sup> গণিত রোমেশ(৬) কেহ রোমে নিশি জাগি লহরী যাহার! দেই আনন্দ-ভবনে আজি কেন দেখি সব নীরব, অচল ! অচল আলোকরাশি; দেখায় দেয়ালে অচল মানব-চিত্র: অচলিত ভাবে পড়ে আছে যন্ত্ৰচয় যন্ত্ৰী-অনাদরে 🞉 অচল অনীল কক্ষে, অজ্ঞাত পরশে

<sup>(</sup>e) Senate, সেনেট—রোমের সভামন্দির।

<sup>(</sup>৬) Augustus Cæsar, অগন্তাস্ সিলার—বিনি রোম রাজ্যের পরে সম্ভাট হইয়াছিলেন।

আন্দোলিত হ'য়ে পাছে মধুর ''গিটার''(৭) বামার বিষাদ-স্বপ্ন করে অপনীত। অচল বামার মূর্ত্তি; অচল হুদ্যে অচল যুগল-কর; অচল জীবন-**অোত** ; চিত্রার্পিত-প্রায়, দাঁড়াইয়া পাশে ष्यहल मधीत लारिक, मश्हतीषय । কেবল বামার সেই অচল হৃদয়ে, সবেগে বহিতেছিল ঝটিক। তুমুল ! · "ওলো চারমিয়ন !''(৮) চমকিল দথীদ্বয় বামার বিকৃত কণ্ঠে, হ'লো রোমাঞ্চিত ্কলেবর ; যেন এই তুমদা নিশীথে শ্মশান হইতে স্বর হইল নির্গত ! "ওলো শহচরি ! এই হাদয়-মন্দিরে অভিনেতা ছিল যেই প্রণয় চুর্লভ, অন্তর্হিত হ'লো যদি, তবে কেন আর ্ এ বিশ্বস্থ যবনিকা হইতে পতিত ? শূন্য আজি রঙ্গভূমি। যৌবন-পরশে

<sup>(9)</sup> Guitar, शिष्टेश्व-यञ्च तिरमय।

<sup>(</sup>৮) Charmain, one of the two maid-attendants, জনৈক সহচরীর নাম।

উঠিল প্রথমে যবে প্রেম আবরণ, দেখিলাম রঙ্গভূমি-নায়ক এন্টনি! জীবন-সঙ্গীত-স্রোতে খুলিল নাটক,— ক্লিওপেট্রা-জীবনের চারু অভিনয়।

"স্থদ প্রমথ অঙ্কে,—ওলো চারমিয়ন! আছে কি লো মনে ? অনস্ত বালুকাময়ী প্রাচী মরুভূমি-প্রাহীন, বারিহীন; পদতলে প্রজ্বলিত বালুকা-অনল; তৃষ্ণাগ্রি হৃদয়ে; শিরে উল্কারাশি রাশি, শক্র-শস্ত্র-বিনির্গত, হতেছে বর্ষণ ; তবু অতিক্রমি হেন হস্তর প্রান্তর বীরভার, উড়াইয়া ইন্দ্রজালে যেন, শক্র-দৈন্যচয়, শুষ্ক পত্ররাশি যেন ভীম প্রভঞ্জনে হায়! প্রবেশিল যবে দিখিজয়ী রোম-সৈন্য মিশর নগরে ? লতা গুলা তরু তৃণ দলিয়া চরণে, পশে গজযুথ যথা কমল-কাননে ! বিজয়া বীরেন্দ্র-ব্যহ-নগর-প্রবেশ নির্থিতে, বসেছিমু অলিন্দে বিষাদে, চিত্ত কৌতূহলময়! পদতলে মুম

প্লাবিয়া প্রশস্ত পথ, সৈন্যের প্রবাহ প্রবাহিত; দেখিলাম,—আর নাহি দখি! ফিরিল নয়ন মম; ভূবিল মানস সেই প্রবাহ-ভিতরে। (৯)

ষোড়শ ব্যীয়া

সেই বালিকা-হৃদয়ে, অজ্ঞাতে, কি ভাব প্রবেশিল, অভিনব; হেন ভাব স্থি! কি পূর্বের, কি পরে, শৈশবে, যৌবনে, আরত কখন করি নাই অনুভব। সেই যে প্রথম আহা! সেই হ'লো শেষ! চিত্ত-মুশ্ধকরী ভাব। চিত্ত-উন্মাদিনী। বালিকার অরক্ষিত হৃদয় মোহিল। কোথায় ব্লোমীয় সৈনা, কোথায় মিশর, কোখায় তখন বিশ্ব-গগন-ভূতল ? অদৃশ্য হইল সব নয়নে আমার। কেবল একটা মূর্ত্তি,—বীরত্ব যাহার মিশি সরলভা, দয়া, দাফিণ্যের সনে,—

<sup>(</sup>৯) যথন মিশরের পূর্বারণ্য অতিক্রম করিয়া প্রথম বার এন্টনি রোম-সেনার অধিনায়ক হুইয়া মিশরে প্রবেশ করেন ্ত খন তিনি ক্লিওপেটার নয়ন-প্রের পথিক হইয়াছিলেন।

আতপ মিশিয়া যেন চন্দ্ৰিকা শীতলে !— ভাসমান ছিল, খেত প্রশস্ত ললাটে; প্রজ্বলিত নেত্রন্বয়ে; চির বিরাজিত •উন্নত প্রশস্ত বক্ষে: ক্ষরিত প্রত্যেক वीत-- পদ-मक्षालान ,-- हिन मृर्खि मथि ! লুকাইয়া অনুপম বীরত্বে তাহার, দৈন্যের প্রবাহ—যথা মহীরুহচয়, লুকায় চন্দ্রমাচল(১০) আপন গহারে !— ভাগিল নয়নে মম, ব্যাপিয়া হৃদয়, ব্যাপিয়া অনন্ত বিশ্ব, ভূতল, গগণ। (मरे मुर्लि, मथि, भय वीदाम अकिन ! চঞ্চলয়া বালিকার অচল হৃদয় প্রথম প্রণয়াবেশে—স্বরগ, ভূতলে !— সেই মূর্ত্তি, প্রিয় স্থি ! হইল অন্তর স্তদুর স্থন্দর রোমে, কিছু দিন-তরে। স্থির জলধির জল করিয়া চঞ্চল, ৰিতীয়ার চন্দ্র সথি! গেল অস্তাচলে! ''খুলিল দ্বিতীয় আছে। জনক আমার-পিড়নিন্দা, দেবগণ ! ক্ষমিও আমারে !-

<sup>(</sup>১০) Mountain of the moon, আফ্কা দেশের চক্ত-পর্বত।

অন্তর্গারী টলেমির বংশে বংশী-ধর(১১)
কুলাঙ্গার! বিসর্জিয়া স্বাধীন মিশরে
রোম-রূপী শার্দ্ধ্যলের বিশাল কবলে;
পতিহন্তা, পাপীয়সী, জ্যেষ্ঠ ছহিতার
তপ্ত শোণিতাক্ত, ভ্রম্ট সিংহাসনে স্থথে
আরোহিয়া,—বিধাতার কেমন বিধান!
পতিহন্তা ছহিতার কন্যা-হন্তা পিতা!
অবশেষে, হায়! ছঃখ বলিব কেমনে!
দশম বর্ষীয় শিশু কনিষ্ঠে আমার,
করি আমি যুবতীর পতিত্বে বরণ;—

<sup>(</sup>১১) ক্লিওপেট্রার পিতা টলেমি বংশীবাদন ইত্যাদি লঘু আমোদে মত্ত হইয়। প্রকার বিরাগ-ভাজন হওয়াতে তাহারা তাঁহাকে সিংহাসন-চ্যুত করিয়া তাঁহার জ্যেষ্ঠা কন্যাকে মিশরের রাজ্ঞী করে। টলেমি রোমের সাহায্যে তাঁহার কন্যাকে পরাজ্ঞিত করিয়া সিংহাসন পুনংপ্রাপ্ত হন—এই সময়ে এণ্টনি রোমান সৈত্যের এক জন অধ্যক্ষ হইয়া আইসেন। টলেমি ভাহার জ্যেষা কন্যাকে বধ করেন—এই পাণীয়সীও ভাহার প্রথম স্বামীকে ইতিপূর্বে বধ করিয়াছিল। টলেমি মৃত্যুন্মারে মিশর দেশের রীতি-মতে উইলছায়া ক্লিওপেট্রাকে ভাহার একটী ১০ম বর্ষায় লাভার সঙ্গে পরিণয়-বন্ধ এবং এক জন ক্লীর মুরাচারকে তাহাদের অভিভাবক করিয়া যান।

দেই থানে ক্লিওপেটা জীবন-উদ্যানে,
যেই বীজ, প্রিয় সথি! হইল রোপণ,
দে অঙ্কুরে কি পাদপ জন্মিল স্বজনি!
কি ভীষণ ফল পুনঃ ফলিবেক আজি!
বিধি জ্যেষ্ঠ ছহিতায়; বিধিতে আমায়,
দেই দিন মৃত্যু-অস্ত্র করিয়া স্বজন;
ডুবায়ে মিশরে; আহা! ডুবিয়ে আপনি;
ডুবায়ে "টলেমি"-বংশ; জনক আমার
সম্বরিলা নরলীলা, নব দম্পতীরে
সমর্পিয়া ছ্রাচার ক্লীব মন্ত্রী-করে,
ছুগ্ধের প্রহনী করি পাপিষ্ঠ মার্জারে।

"না হ'তে পিতার শেষ নিখাস নিগত, সিংহাসন হ'তে পাপী—ফেলিল আমার প্রবারণ্যে। হা অদৃষ্ট ! রাজার উদ্যানে ফুটেছিল যে কুস্থম, পড়িল নিদাঘে মরু ভূমে।—সে যে হুঃখ কহা নাই যায়! কিন্তু নারী-প্রতিহিংসা, প্রচন্ত, অনল, শীতলিল মার্তুণ্ডের মধ্যাহ্ন-কিরণ। সহসা মিলিল সৈন্য। সেনাপত্নী আমি সাজিত্ব সমর-সাজে। কবরীর স্থলে

বাঁধিলাম শিরস্তাণ, উরস্তাণ উচ্চ কুচযুগোপরে। যেই কর কমনীয় ক্সম-দামের ভারে হইত ব্যথিত, লইলাম সেই করে তীক্ষ তরবার: পশিলাম এই বেশে মিশর-ভিতরে, ক্লীব-রক্তে নীল নদী করিতে লোহিত. কিন্তা বীরাঙ্গণা-রক্তে রঞ্জিতে মিশরে। হেন কালে রোম-রাজ্য বিপ্লাবি, বিলোডি, ভীষণ তরঙ্গদ্বয় (১২) সিন্ধু অতিক্রমি, পডিল জীমত-মন্ত্রে মিশরের তীরে; কাঁপিল মিশর সেই ভীষণ আঘাতে। রণোমত অসিদ্বয় (১৩) পড়িল থসিয়া। এক ঊৰ্দ্মি হ'লো লয় সমুদ্ৰ-দৈকতে, দ্বিতীয় উঠিল শূন্য দিংহাসনোপরে !

<sup>(</sup>১২) ফার্শেলিয়ার যুদ্ধের পর পিপি সিজারের দ্বারা পশ্চাদ্বাবিত হইয়া মিশরে উপস্থিত হইসে, মিশরবাসীরা সমুদ্র-তীবে
তাহার শিরচ্চেদ করিয়া সিজারকে উপঢৌকন দেয়; সিজার
মিশরের আস্তরিক বিগ্রহ-নিবন্ধন শুন্য সিংহাসন অধিকার
করিয়া বসেন।

<sup>(</sup>২৩) ক্লিওপেট্রার এক অসি, এবং ভাহার শত্রু পক্ষের দ্বিতীয় অসি।

"দিজার মিশরে!—দূরে গেল রণ-সক্তা!
নব 'ফার্শেলিয়া," 'পিম্পি,'' বিজয়ী দিজার,
মিশরের দিংহাদনে! খুলিলাম দখি!
রণবেশ, দীনাবেশে রোমেশ-চরণে
পড়িলাম,—দে কুহক আছে কি হে মনে? (১৪)
ফটিকায় ছিন্নমূল ব্রতী যেমতি,
বন্দে মহীরুছ, হায়! নিরাশ্রয়া লতা!

"দে ঐন্দ্রজালিক, সথি! কর-সঞ্চালনে
নিবারি তুমুল ঝড়, রক্ষিল আমারে,
আলিঙ্গিয়া সেহ-ভরে। প্রিয় সথি! হায়!
জীবনে প্রথম এই,—এই মরু ভূমে—
স্লেহ-স্থাতল বারি হ'লো বরিষণ।
নিষ্ঠুর জনক যার; নিষ্ঠুরা ভগিনী;
শিশু সহোদর ভর্তা; মন্ত্রী নরাধম;
দে কিদে জানিবে সথি! স্লেহ যে কি ধন?
পুরাইল আশা, যুড়াইল প্রাণ; সথি!——

<sup>(</sup>১৪) ক্লিওপেট্রার জনৈক অমূচর তাঁহাকে বসনরাশিতে বেষ্টিত করিয়া সিজারের নিমিত্ত উপঢৌকন বলিয়া তাঁহাকে শুগুভাবে সিজারের সমীপে লইয়া যায়।

ৰসিলাম সিংহাসনে। বসিলাম ?—ভীম স্থুকম্পনে, কিন্তা অগ্নি-গিরি-উদ্গীরণে, টলিতে লাগিল মম নব সিংহাদন। দেখিলাম অন্ধকার, ঘুরিল মন্তক, পড়িতে ছিলাম স্থি! মূচ্ছিত হইয়া অকুল সাগরে। কি যে বীরপণা, সথি! जरन, ऋरन, कि **अनरन क**दिन वीरतन, স্বচক্ষে দেখেছ তুমি। শুনেছ প্রবণে। দেখিলাম মূর্চ্ছাভঙ্গে মেলিয়া নয়ন, ভাসিয়াছে শিশু ভর্তা শত্রুদল-সহ, অনস্ত-জীবন-জলে; বসিয়াছি আমি মিশরের সিংহাসনে,—বলিব কেমনে সেই লজ্জা ?—সিজারের হৃদয়-আসনে ! কৃতজ্ঞতা-রুসে, স্থি, ভরিল ছদ্য়। ধন, প্রাণ, সিংহাসন, প্রণয়-দাতায়, করিবাম, সহচরি, আজু সমর্পণ। কিন্তু সেই কৃতজ্ঞতা—জান সমুদয়— সেই কৃতজ্ঞতা শেষে কোথা হ'লো লয়! একে প্রাণদাতা, তাতে পৃথিবী-ঈশর, ততোধিক ভুজবলে ভুবন-বিজয়ী,

এত প্রলোভন !—সথি ! পড়িলাম আনি, অজগর-আকর্ষণে, সরলা হরিণী।

"হেন কালে চারি দিকে সমর-অনল জ্বলিল; সিজার এই মিশরে বসিয়া দেখিল অনল-শিখা। বৈশ্বানর রূপে বাঁপি দিল স্থি। সেই বহির ভিতরে। নিবাইল কটাক্ষেতে শোণিত-প্রবাহে দে অনল! বাহুবলে আপনি সমুদ্র রহিয়াছে বন্দী যার রাজ্যের ভিতরে, এই ক্ষুদ্র অগ্নিশিখা কি করিবে তারে ? বিজয়-পতাকা তুলি ; ভীম সিংহনাদে কাঁপায়ে ভূধর-শ্রেণী স্থদূর উত্তরে ; ডুবায়ে জলধি-মন্দ্র অদূর দক্ষিণে; ছড়ায়ে গৌরব-ছটা দিগ্ দিগন্তরে; চালিয়া আনন্দ-স্রোত অজন্র ধারায় রাজ পথে; প্রবেশিল বীর অহঙ্কারে, দীপিজয়ী বীরবর রোম-রাজধানী । শতী সহধর্মিণীর স্বপ্ন উপেকিয়া চলিল সেনেট-গৃহে,—হায়! জাল-মুখে প্রলোভনে মুগ্ধ ক্ষিপ্ত কেশরী যেমতি;

সুখাৰ্ত্ত!—'তোমরা কেহে?তোমরা ছজন?(>৫) বিষয় গম্ভীর মুখে ? চৌষ্টি রৌরব যেন ভাবিতেছ মনে ৭ কণ্টক-স্বরূপ কেন সিজারের পথে, আছ দাঁড়াইয়া ? জান না সিজার আজি হইবে ভূপতি ? সরে যাও'।—বীরবর সেনেট-মন্দিরে প্রবেশি বসিল স্বর্ণ চারু সিংহাসনে। 'বিশ্বজ্য়ী মহারাজা দিজারের জয়!' আনন্দে ধ্বনিল শত সহস্র জিহ্বায়। আনন্দে রোমান-বাদ্য করিল সঞ্চার নর-রক্তে সেই ধ্বনি, পূরিল গগন সেই জয় জয় রবে; নামিতে লাগিল রোম-ইতিহাসে এই প্রথম মুকুট (১৬) বিজারের শিরোপরে, এণ্টনির করে।

<sup>(</sup>১৫) ফ্রটস্ এবং কেশিরাস্।

<sup>(</sup>১৬) রোম-রাজ্যে ইভি পুর্বের রাজতন্ত্র শাসন ছিল না, মভরাণ রাজাও কেই ছিল না। সিজারই প্রথম রাজ-উপাধি গ্রহণ করিতে উদ্যোগ করেন; এই কারণে কতিপন্ন মড়েযন্ত্রী ভারাকে অভিষেকের দিবস বধ করেন। ইহাদের মধ্যে ক্রটস্ এবং কেশিয়াস্ প্রধান ছিলেন।

ফুরাল ;—কি ় সিজারের রাজ্য-অভিষেক কেন আনন্দের ধ্বনি থামিল হটাৎ ? নিরবিল যন্ত্রীদল ৭ কেন অকস্মাৎ এই হাহাকার ? সথি দেখিকু সম্মুখে; কি দেখিকু ? ইহ জন্মে ভুলিব না আর। ভূপতিত, হা অদৃষ্ট ! বীরেন্দ্র দিজার ! কোথায় মুকুট সথি! বক্ষে তরবার!" কণ্টকিল রমণীর কম কলেবর; বিক্ষারিল নেত্রেয়; সহিল না আর অবলা-হৃদয়, মুর্জা হইল রমণী। ञ्चान पूरात-वाति, नग्रत्न, वनत्न, তুষার উরস শ্বেতে, সহচরীদ্বর বর্ষিল; কিছুক্ষণ পরে রূপসীর चाहल इत्रय-यञ्ज, जीवन-श्रवन-স্পর্শে চলিল আবার; খুলিল নয়ন,— প্রভাতে দক্ষিণানীল কোমল পরশে, উন্মিলিল যেন ধীরে কমলের দল। অৰ্দ্ধ-উন্মিলিত নেত্ৰ, এক দৃষ্টে চাহি क्टक विलिधिक धक हांक हिंदा-शारन, বলিতে লাগিল বামা—"ওই, সহচরি!

ওই যে দেখিছ চিত্র, — নিদর্গ-দর্পণ !— অপূর্ব্ব অঙ্কিত ! ওই দেখ ওই, 'চিদন্দ'-স্রোতে ওই প্রমোদ-তরণী, (১৭) ভাসিতেছে, নাচিতেছে, বারিবিহারিণী। হাদিতেছে, জুলিতেছে পশ্চিম-তপনে, প্রতিবিশ্বে ঝলসিয়া তরল সলিল। ময়ুর ময়ুরী প্রেমে মুখে মুখ দিয়া, বঙ্কিম গ্রীবায় ভাসে তরী-পুরোভাগে ; চলক কলাপরাশি – নয়ন-রঞ্জন !--চারু চন্দ্রাতপ রূপে শোভিছে পশ্চাতে। তাহার ছায়ায় বিদ কর্ণিকা রূপদী; নাচে স্বর্ণ বর্ণ, বন্ধ কুস্থম-মালায় কুম্বম কোমল করে। বসন্ত রঙ্গের নাচিতেছে স্থবাসিত স্থন্দর কেতন, সৌরভে-মোহিত-মৃত্র অনিল-চুম্বনে। তরণীর মধ্যদেশে, স্থবর্ণ-থচিত চক্রতিপ-তলে, স্বর্ণ-কমল আসনে, বারুণী-রূপিণী, ওই তরণী-ঈশ্বরী:-

<sup>(</sup>১৭) চিদনস নামক নদ—এপিন-মাইনরে, এন্টনিং আজ্ঞা মতে ক্লিওপেট্রা তাঁহার সঙ্গে 'টারসাথে' এই রূপ এং ভ্রণী আরোহণ করিয়া সাক্ষাৎ করিতে যাইডেছিলেন।

আপনার রূপে যেন আপনি বিভার ! তুই পাশে স্থকুমার কিন্ধর-নিচয় দাঁড়ায়ে মন্মথবেশে, সন্মিত বদন, ব্যজনিছে ধীরে ধীরে বিচিত্র ব্যজনে। কিন্তু দে অনীলে কই যুড়াবে বামায়, বরং হইতেছিল কোমল পরশে, কাম লালসায় উষ্ণ কপোল যুগল! দমুখে অঙ্গনাগণ, অনঙ্গ-মোহিনী, কোমল মদনোনাদ সঙ্গীত তরল বর্বিতেছে নানা যত্ত্রে; তালে তালে তার পড়িছে রজত দাঁড় রজত সলিলে; তরণী স্থন্দরী, ভুজ-মূণালেতে যেন, व्यानिक्रिष्ट (श्रमाञ्चारित नर्त 'हिननरम!' সে স্থ-পরশে নাচি স্রোত হিল্লোলিয়া, প্রেম-মুগ্ধ ছুটিতেছে তরণী পশ্চাতে। নাচিছে তরণী ;—মরি! সেই নৃত্যু, সেই সলিলের ক্রীড়া, সথি ! দেখ চিত্রকর চিত্রিয়াছে কি কৌশলে! নাচিতে নাচিতে চুম্বিয়া সরিৎ-বক্ষ, কহি কাণে কাণে অস্ফুট প্রণয়-কথা তর তর স্বরে,

চলেছে রঙ্গিণী ওই, মৃতুল মৃতুল দোরতে করিয়া, মরি ! ইন্দ্রিয় অবশ ! नगत, मजीव नीर्घ-मर्गक-भानाय, সাজায়েছে ছুই তীর। উচ্চ সিংহাসনে 🦠 অদূরে নগরে বদি একাকী এণ্টনি, ডাকিছে অস্ফ্রট সিদে অপহত মন। কিন্তু দথি ! তৃঞ্চাতুর সহস্র নয়ন, যে রূপ-স্থধাংশু-অংশু করিতেছে পান (क ७३ तमनी,—-मर्व्यपर्णक-पर्णन ? ক্লিওপেট্রা ? আমি ? না, না, দথি ! অসম্ভব ! সেই যদি ক্লিওপেট্রা, আমি তবে নহি। আমি যদি ক্লিওপেট্রা, তরী-বিহারিণী ওই চিত্র, নহে সথি! আমি ছঃথিনীর। দেই মুখে হাসি-রাশি, এ মুখে বিষাদ; সে হৃদয়ে হৃথ, দথি ! এ হৃদয়ে শোক। সে যে ভাদিতেছে স্থথে প্রণয়-দলিলে, আমি ভূবিয়াছি হায় ! নিরাশ-সাগরে। যেই মনোহর বেশ, ওই চিত্রে, সথি! শোভিতেছে মরি ! যেন শারদ-কৌমুদী বেষ্টিয়া কুস্থম-বন, আজিও সে বেশে

সজ্জিত এ বপুঃ মম; কিন্তু সহচরি!
সেই শোভা—এই শোভা—কতই অন্তর!
আজি সেই বেশ, স্বর্ণ হীরক খচিত,
নিবিড় তমিস্র যেন সমাধি বেষ্টিয়া!
সে দিন প্রেমের শুক্ল-বিতীয়া আমার,
আজি হায়! নিরাশার কৃষ্ণা চতুর্দশী!"

নীরবিল ধীরে বামা; মধুর বাঁশরী গাইয়া বিযাদ-তান, নীরবে যেমতি। স্থির নেত্রে কিছুক্ষণ চাহি শূন্য-পানে, বলিতে লাগিল পুনঃ ইন্দীবরাননা;— "চলিল তরণী বেগে, চলিলাম আমি ভেটিতে এণ্টনি; স্থি! করিতে অর্পণ বালিকার চিত্ত-চোরে, যুবতী-যৌবন। যত অগ্রসর তরী হ'তেছিল বেগে, ততই হইতেছিল মান্স আমার সঙ্কৃচিত,—নির্মারিণী-মুখে যথা নদ 'চিদনস'। হায়! স্থি, ভাবিতেছিলাম কি আছে অদৃষ্টে মম,—প্রেম-দিংহাসন, কিমা রোম-কারাগার! দেখিতে দেখিতে শঙ্কৃচিত আশা-স্রোত প্রণয়-নির্বরে

পাইলাম, কিন্তু সখি! সেই সন্মিলনে উথলিল যেই ঢল প্রেম-প্রব্রুবণে— क्रमग्र-क्षाविनी। स्मिटे मिलल-ध्यवाद्य ভেদে গেল মম কুল, শীল, লজ্জা, ভয় ; ভেসে গেল সেই বেগে ভূত, ভবিষ্যত, বর্ত্তমান উভয়ের; ইইল চঞ্চল বেগে, রোম, মিশরের রাজ-সিংহাসন; ভেদে গেল সেই জ্বোতে সপত্নী'শিল্ভিয়া'।(১৮) ভাসিয়া ভাসিয়া সেই প্রণয়-প্লাবনে আদিলাম মিশরেতে, প্লাবন-প্রবাহ স্থি ! মিশিল সাগরে । স্বজনি ! তথন সকলি অনন্ত ! হায়, অনন্ত প্রেমের অনন্ত লহরী-লীলা! অনন্ত আমোদ বিরাজিত নিরস্তর অধরে, নয়নে ! অনন্ত, অতৃপ্ত স্থ্য যুগল-ছদয়ে! ভাবিলাম মনে,—প্রেম, হুখ, রাজ্য, ধন, প্রেমিক-জীবন, হায় ! অনন্ত দকল ! যে কাম-সরসী, স্থি ! করিকু নির্মাণ,

<sup>(</sup>১৮) এক্টনির প্রথমা পদ্মী।

যত পান করি, বাড়ে প্রণয়-পিপাসা;— অনন্ত পিপাসাতুর নায়ক আমার! ঢালিয়া দিলাম তাহে জীবন, যৌবন •মম, ঝাঁপ দিল রাজহংস উন্মতের প্রায়,—মদন বিহ্বল! দেই সরোবরে কভু মুণালিনা আমি, স্থা মধুকর; আমি মুরালিনী, স্থা মরাল স্থন্দর। কখন মৃণাল আমি অদৃশ্য সলিলে, मथा भन्भे के के की ; मनिरालं उर्ल কভু আমি মীনেশ্বরী, স্থা মীনপতি;— অধিপতি ক্লিওপেট্র। কাম-সর্মীর! এই রূপে, এই স্থথে, গেল দিন, গেল माम, ठलिल वर्भत्र, विजलि-यलरक,— অনঙ্গ-বিলাসে, স্থরা, সঙ্গীত-বিহ্বল !

"এক দিন নিজ কক্ষে বসিয়াছি আমি, মালক্ষে ! শ্লথ দেহ, নিশি-জাগরণে, শালিক্ষা আছে কোমল 'ছোফায়'। কথন পড়িতেছিমু; কভু অন্য মনে গাইতে ছিলাম গীত গুণ গুণ স্বরে,— প্রেমময়,—নব রাগে, নব অনুরাগে,

নির্থি অসাবধানে শাগ্রিত শরীর, প্রতিকুল দেয়ালের দীর্ঘ আরসীতে। শিথিল হৃদয় যন্ত্রে, কভু চারমিয়ন্! মধুরে বাজিতে ছিল আনন্দ-সঙ্গীত; আবার অজ্ঞাতে স্থি ! না জানি কেমনে বিষাদ ভাঙ্গিতেছিল দে লয় মধুর। ক্রম হাসিতেছিমু, না জানি কারণ; আবার অজ্ঞাতে অশ্রু নয়নে কখন হটাৎ আসিতেছিল, না জানি কেমনে। একটা মানব-ছায়া এমন সময়ে, পতিত হইল স্থি! কক্ষ-গালিচায়; পলকে ফিরাতে নেত্র দেখিলাম চক্ষে প্রাণেশ আমার! কিন্তু সেই মূর্ত্তি! নেই মূর্ত্তি, অন্য দিন কক্ষে প্রবেশিতে মম, विकाशिक (अभानल, ननार्षे, नग्रान; হাসি রূপে সমুজ্জ্বল করিত অধরে; নিঃসারিত সম্ভাষিতে,—'কই গো কোথায় প্রাচীনা নীলজ(১৯) চারু ফণিনী আমার ?' সেই মূর্ত্তি আজি দেখি গাম্ভার্য্য-আধার,

কাঁপিল হৃদয় মম।— 'ক্লিও:পট্রা। এই ছঃসময় ঘেরিতেছে জলধর রূপে, চারি দিগে এ-টনির অদৃক্ট-আকাশ। •যদি এ সময়ে, নাাহ উড়াই তাহারে, হইবে অসাধ্য পরে। রোম হ'তে আজি কুমন্বাদ; আন্তরিক বিগ্রহ কুপাণে 'ইতালি' কণ্টকাকীর্ণ। কুপাণ-জিহ্নায় প্রতিবিদ্ধে রবিকর নির্ভয়ে দিবদে. উপহাসি এটানির বিলাস-জীবন। প্রেয়সি! বিদায় তবে কিছু দিন-তরে দেও যাই, কটাকে মে কুপাণ সকল ছিন্ন শদারাশিমত, আদি শোয়াইরা। আসি ডুবাইয়া নেত্র-নিমেষে 'পশ্পির' জলযুদ্ধ-সাধ, সেই সমুদ্রের জলে;— পিতার অন্তিম শয্যা প্রদানি পুত্রেরে ৷(২০) দেও অনুমতি তবে। ঈর্ধার অনল জ্বলে থাকে যদি তব রমণী-হৃদয়ে, নিবাও তাহারে, শুন দ্বিতীয় সংবাদ—

<sup>(</sup>২০) পূর্বের ব্লা হটয়াছে পশ্পির পিতা সমুদ্রতীরে মিশর গৌদের দারা হত হইয়াছিলেন।

মরেছে 'ফুল্ভিয়া' আমার—' মরেছে !— 'ফুল্ভিয়া'।

কি ? মরেছে 'ফুল্ভিয়া' ! 'হ্ঁ।, মরেছে ফুল্ভিয়া'। দংশেছিল এণ্টনির বিচ্ছেদ্-ভুজঙ্গ বেই নালে, সেই নালে 'মরেছে ফুল্ভিয়া' এ সম্বাদে, চারমিয়ন্! অমৃত ঢালিল। এই মুক্তাহার নাথ পরাইয়া গলে, বলিলেন,—'এই হারে যত মুক্তা প্রিয়ে! ইতালির রণজয় করিছে প্রচার, তত রাজ্যে সাজাইব মুকুট তোমার, কল্যাণি! অন্যথা এই তরবারি মম্ বিসর্জ্জি আদিব ওই ভূমধ্য-সাগরে। প্রেয়সি ! বিদায় দেও যাইব এখন। মিশুরে থাকিবে তুমি, কিন্তু ছায়া তব যেতেছি লইয়া মম ছায়াতে মিশায়ে; বিনিময়ে চিত্ত মম যাইব রাখিয়া তব সহচর সদা',—

ধরিয়া গলায়,

উন্মত্তের প্রায় স্থি ! কত কাঁদিলাম. কত বলিলাম—'নাথ! নাহি চাহি আমি রাজ্যধন; মুহুর্ত্তের ভালবাস। তব, শত শত রাজ্যে কিম্বা সমস্ত ধরায়. नाहि পাবে क्रिअलिहा। श्रुथियों कि ছात । স্বৰ্গ কৃচ্ছ তার কাছে, প্রাণেশ তোমার প্রণয়-রাজ্যের রাণী যেই স্থভাগিনী'। কত কাদিলাম, স্থি! কত বলিলাম, কত শুনিলাম, কিন্তু বিফল সকল! রণোম্মত কেশরীরে, কেমনে স্বজনি! রমণী-বীতংস বল, রাথিবে বাঁধিয়া ? ফুটিল অধরে উফ্র কোমল চুম্বন বিহ্যুতের মত,—দখি! নাহি জানি আর'।

স্থান নিশ্বাস ছাড়ি, পুনঃ বিধুমুখী,—
হায়! সেই বিধু আজি নিবিড় জলদে
আচ্ছাদিত,—আরম্ভিল,—'পাইলাম জ্ঞান
যবে ওলো চারমিয়ন্! নাহি পাইলাম
আর হৃদয় আমার। নাহি দেখিলাম
চাহি আকাশের পানে, রবি শশী তারা।
ধরাতল মরুভূমি; নাহি তাহে আর

স্লোভার চিহ্ন মাত্র। শব্দ-বহ হায়! নিঃশব্দ আমার কাণে। কেবল, স্বজনি! দেখিলাম কি আকাশ, কিবা ধরাতল এণ্টনিতে পরিপূর্ণ! স্বধু সমীরণ বহিছে এণ্টনি স্বর! দেখিতে, শুনিতে, কিন্তা ভাবিতে,—এণ্টনি ! ক্লিওপেট্রা কর্ণে, कर्छ, नयुरन, इतर्य, - अन्तेन दक्वन ! আহার, পানীয়, নিদ্রা, শয়ন, স্বপন--এণ্টনি সকল ! সথি ! কি বলিব আর, इहेन जीवन यम অविकल उहे আফি কার মরুভূমি, প্রত্যেক বালুকা-क्षा अक्षे अक्षेति ! पिया, निर्मा, शक्र, মাস, কিছুই আমার নাহি ছিল জ্ঞান। গণিতাম কাল আমি বংসরে কেবল। অনন্ত ভুজন্প-সম কাল বিষধর, দাঁড়াইয়া এক স্থানে, হ'তো হেন জ্ঞান, দংশিছে আমায় যেন অনন্ত ফণায়। প্রভাতে উঠিলে রবি, ভাবিতাম মনে, জিনিতে মিশর ওই আনিছে এণ্টনি, রণবেশে! রবি অন্তে, সায়াক্তে আবার

ভাবিতাম বীরশ্রেষ্ঠ চলিগেলা রোমে।
হাসি মুখে শশধর ভাসিলে গগনে,
ভাবিতাম আসিতেছে এণ্টনি আবার,
প্রণয়-পীর্সে হায়! যুড়াতে আমায়।
অস্ত গেলে নিশানাথ প্রাণনাথ গেলা
ছাড়ি ভাবিতাম মনে।

"এই রূপে সখি :

গেল যুগ, গেল বর্য, কিন্দা মাস, দিন,
নাহি জানি। এক দিন তাপিত জন্ম
যুড়াইতে জ্যোৎস্নায়, শুয়েছি নিশীথে
হকোমল 'কোচ'-অঙ্কে, ছাদের উপরে।
নেই দিন দৃত-মুখে, নব পরিণয়
এন্টনির, নারী-রত্ন 'অগস্তান'(২১) সনে
শুনিয়াছিলাম;—তরুভ্রন্ট হায়! যেই
বিশুদ্ধ বল্লরী, কেন রে দারুণ বিধি!
হেন বজ্রাঘাত পুনঃ তাহার উপরে ?

<sup>(</sup>২১) 'অগন্তা' -- এন্টনির বিতীয়া পত্নী। এন্টনি মিশর হইতে প্রভাবর্ত্তন করিয়া ঘাইয়া 'অগন্তাগ সিজারের' সঙ্গে বন্ধুতা স্থাপন করিবার উদ্দেশে তাঁহার ভন্নী 'অগন্তাকে' বিধাহ করিষাছিলেন।

শুয়েছি; উপরে নীল চিত্রিত আকাশ প্রদারিত, নাক্ষত্রিক চারু রঙ্গ-ভূমি ! মধ্যস্থলে শশধর হাসিয়া হাসিয়া. রূপের গৌরবে যেন চলিয়া চলিয়া করিতেছে অভিনয়। নক্ষত্র সকল নারবে, অচল ভাবে করিছে দর্শন সেই স্থশীতল রূপ। কেহ বা আনন্দে জ্লিতেছে; অভিমানে নিবিতেছে কেহ; কেই রূপে বিমোহিত পড়িছে খদিয়া। ছ্টিছে জীমূত-রু**ন্দ উন্ম**ত্তের প্রায় আলিঙ্গিতে সেই রূপ; উথলিছে সিন্ধু; রূপে মুগ্ধ - অধিক কি- ঘুরিছে ধরণী। এই অভিনয় স্থি। দেখিতে দেখিতে কতই নিদ্ৰিত ভাব উঠিল জাগিয়া হৃদয়ের। সময়ের তামস-গহরে, এই চন্দ্রালোকে, অঙ্কে অঙ্কে দেখিলাম বিগত জীবন। কভু ভাবিলাম মনে, আমি চন্দ্র, মেঘরুন্দ বীরেন্দ্র সকল ; নক্ষত্র মানবচয়; আমি শশধর. সিন্ধু বীরের অন্তর। আবার কখন

ভাবিলাম আমি চক্র, ধরণী এণ্টনি। ভাবিতেছিলাম পুনঃ, এই চন্দ্রালোকে, নব প্রণয়িনী-পাশে, নব অনুরাগে, া ব্যায়া স্তদুর, রোমে প্রাণেশ আমার, ভলেছে কি ক্লিওপেটা ? ভাবিছে কি মনে 'কোথায় নীলজ চারু ফণিনা আমার'— স্থলীঘ নিশাস সহ ? কিন্তা অৰ্থ প্ৰান্ত নবীন প্রণয়-রাজ্যে এবে এণ্টনির হয়েছে কি অধিকৃত সমস্ত হৃদয় প্ করেছে কি ক্লিওপেটা চির-নির্বাসিত % नवीन! मल को नात्म, उत्ना हात् नियन् ! ছলিয়া উঠিল তীব্ৰ ঈৰ্বার অনল রমণী-হৃদয়ে; যেন বিশুক্ষ কাননে অকস্মাৎ প্রবেশিল ভীম দাবানল। রমণীর অভিমানে রমণা-হৃদ্যু ভরিল। আরক্ত নেত্রে ছুটিল অনল। যেই মানসিক বুত্তি, প্রণয়ের তরে ধরার কলঙ্ক রাশি ঠেলেছিল পায়ে, আজি অপমানে পুনঃ সেই বুত্তি-চয় হ'লো খড়গ-হস্ত সেই প্রণয়-ঘাতকে।

স্থ্যুপ্ত ভুজন্ব যেন, তুফ প্রহারকে, বিস্তারিয়া ফণা ক্রোধে ছুটিল দংশিতে! 'কি ? মিশরের ঈশরী! টলেমি-ছুহিতা! ক্লিওপেটা আমি! রূপে বিশ্ব-বিমোহিনী! যে রূপের তেজে সেই ভুবন-বিজয়ী সিজারের তরবারি পড়িল থসিয়া! সামান্য গুঞ্জিকা তার, সে রূপ-রতন এন্টনি ঠেলিল পায়ে ?' তীরের মতন বসিনু শ্যায়; কিন্তু তুর্বল শ্রীর তুরুহ যন্ত্রণা, চিন্তা সহিতে না পারি, ভুজঙ্গে দংশিত যেন, পড়িল ঢলিয়া শয্যার উপবে পুনঃ। মধুরে তখন বহিল শীতল 'নীল'-নীরজ অনিল। কোমল পরণে ধীরে হইল সঞ্চার व्यक्त निजा, व्यक्त मृद्धां, क्रांस करलवरत । দেখিকু স্থপন, স্থি! कि যে দেখিলাম,

দোষমু রগন, সাখ ! কি বে দোষলাম,
এখনো সারিতে কেশ হয় কণ্টকিত।
দেখিমু শার্দ্দ্ল এক,—ভীষণ-আকৃতি !—
নিবিড় অরণ্যে মম ধাইছে পশ্চাতে,
বিস্তারিয়া মুখ ! 'ত্রাহি ত্রাহি'—বলি আমি

চাহিত্র আকাশ-পানে। দেখিলাম সখি! অপূর্ব্ব তপন এবে উদিল গগনে উজ্ঞালয়। দশ দিশ্। করে আকর্ষিয়া ·সেই মার্ত্ত আমারে তুলিল আকাশে, স্থি। আনি শোভিলাম শশ্বর রূপে বামে সডিতার। হার এমন সময়ে অক্সাৎ রাভ আনি গ্রাসিল তাহারে। হইর অভোরহীনা আমি অভাগিনী পড়িতেছিলাম বেগে, অৰ্দ্ধ পথে সৰি! বীর-দূর্য্য অন্য জন, হৃদয় পাতিয়া, লইল আমারে। আমি আনন্দে মাতিয়া, পরাইনু প্রেম-হার গলায় তাহার। কিন্তু কি কুক্ষণে হায়! বলিতে না পারি! দে হার-পরশে বীর হৃদয় তাহার,— ফাটিত যে উরস্তাণ রণরঙ্গে মাতি ;— হইল বিলাদে যেন নারী স্তুমারী 🖫 ্ৰ পিধান হইতে অদি পড়িল খদিয়া, (অরাতি মস্তকে ভিন্ন, নামে নাহি যাহা,) কুস্থম শয্যায়। শেষে মাথার মুকুট, পড়িল খদিয়া ঐ ভূমধ্য-সাগরে,

অন্তগামী রবি যেন! কি বলিব আর,
যেই বক্ষে অরাতির অসংখ্য রূপাণ
গিয়াছে ভাঙ্গিয়া,—যেন প্রচণ্ড শিলায়
ক্টিকের দণ্ড, কিম্বা মন্ত গজদন্ত,
হায় রে! যেমতি চন্দ্র-পর্বত-প্রস্তরে,—
মম প্রেমহার তীক্ষ ছুরিকার মত,
সেই বক্ষে প্রিয় সখি পশিল আমূল।
তখন সে হার ধরি ভূজপ্রের বেশ,
ছুটল পশ্চাতে মম। সভয়ে তখন,
ডাকিতেছি—'কোথা নাথ! এমন সময়ে,
কোথা নাথ!'—

'প্রিয়ে এই চরণে তোমার!'যে সঙ্গীতে এই ধ্বনি পশিল প্রবণে,
সে সঙ্গীত ক্লিওপেটা শুনিবে না আর।
ভাঙ্গিল স্থপন সখি ফুটিল চুম্বন,
বিশুদ্ধ অধ্যরে মম। মেলিয়া নয়ন,
দেখিলাম প্রাণনাথ হৃদয়ে আমার!
অভিমানে বলিলাম,—সে 'কি নাথ, ছাড়ি
রোম রাজ্য, ছাড়ি নব প্রণয়িনী, কেন
এখানে আপনি ? কিম্বা এ আপনি নন,

এই ছায়া আপনার আদিয়াছে বুঝি, বিরহ-আতপ-তাপে যুড়াতে আমায়।' 'নিমজ্জিত হ'ক রোম টাইবরের জলে, . রাজ্য, প্রণয়িদী সহ। এই রাজ্য মম',— বলিলা ক্লম্যে ধরি হৃদয় আমার। 'প্রণয়িনী ক্লিওপেটা; ইহ জীবনের স্থ্ৰ এই', – পুনঃ নাথ চুফিলা অধর; 'জীবন তোমার প্রেম, বিরহ, মরণ !'

''দূরে গেল অভিমান , রমণীর প্রেম-স্রোতে অভিমান, স্থি। বালির বন্ধন। বলিলাম, 'সত্য নাথ ! এই হৃদয়ের ভুমি অধীশ্বর, কিন্তু বলিব কেমনে এই ক্ষুদ্র রাজ্য তব ? অনন্ত জলধি-জলে যেই শশধর করে ক্রীড়া, নাথ! ক্ষুদ্র সরসীর নীরে মিটিবে কেমনে ক্রীড়া-সাধ, প্রাণেশ্বর। সেই শশাঙ্কের? প্রণয়-বারিয় তুমি ! তুমি যদি তবে রাথ সদিশলা এই সরদী ভোমার, যোগাবে অনন্ত বারি, এই প্রেমাধিনী'।

প্রকাশিল যদি পুনঃ, মিশরে আবার ছুটিল ৰিগুণ বেগে আমোদ জোয়ার। কত রাজ্য সিংহাসন, আসিল ভাসিয়া ক্লিওপেট্ৰা-পদতলে বলিব কেমনে। সমস্ত পূরব রাজ্য মিলি এক তানে,— 'পূরব রাজ্যের রাণী, মিশর ঈশ্বরী !'— গাইল আনন্দস্বরে। সেই ধ্বনি রোমে জাগাইল স্বপ্ত দিংহ কনিষ্ঠ দিজার (২২) কুক্ষণে। কুগ্রহ স্থি। ছইল তথন ক্লিওপেটা, এণ্টনির অদুষ্টে সঞ্চার। শুনিত্ব গর্জন তার সহস্র কামানে, মিশরে বসিয়া স্থি ! ছুটিল হ্র্যক্ষ অসংখ্য অর্ণব পোতে, গ্রাসিতে মিশরে, শতধা বিদারি ভীম ভুমধ্য-সাগর, সহোদরা-অপমান প্রতিবিধানিতে। (২৩) নির্ভয় হৃদয়ে স্থি ! সাজিল একনি, হেলায় খেলিতে যেন বালকের সনে।

<sup>(</sup>২২) কানষ্ঠ সিজার—অগন্তাস্ সিজার।
(২৩) পূর্ব্বে বলা হইয়াছে এণ্টনির বিতীয়া পত্নী অগন্তাস সিজাবের সহোদয়া ছিলেন।

বলিলা আমারে নাথ! হাসিয়া হাসিয়া-'মিশরে বদিয়া প্রিয়ে! দেখ মুহূর্ত্তেকে বালকের ক্রীড়া-সাধ আসি মিটাইয়া।' ধৈৰ্য্য মানিল না মনে; ভাবিলাম যদি 🗀 🖫 পাপিষ্ঠা সপত্নী আদি প্রাণেশে আমার न'रत्र यात्र अ कोमातन । विनिनाम—'नाथ । বছদিন-সাধ মম করিতে দর্শন অর্ব-আহব, প্রভু পূরাও দে সাধ, তুমি যদি না পূরাবে কি পূরাবে আর বীরেন্দ্র!' হাসিয়া নাথ বলিলা আমারে,— 'দাজ তবে, বীরেন্দ্রাণি! বাল**কের** রণে মহারথী ক্লিওপেট্রা, সারথি এন্টনি ! আপনি প্রাণেশ, রণবেশে সাজাইলা আমায়, সজনি স্থথে! দাজাইতে, হায়! কত যে কি স্থুখ নাথ দেখিলা নয়নে, চুষিলা অধরে, স্থি ! পরশিলা করে, বলিব কেমনে ? অঙ্কে অঙ্কে বিরাদিয়া ক্ষুট নলিনীর, অলির যে স্থ্য, পদ্ম বুঝিবে কেমনে ? আমি আপনি স্বজনি ! বীরবেশে প্রেমাবেশে হইনু বিচ্ছোর।

কুরাইলে বেশ; নাথ হাসিয়া আদরে, সমর্পিরা করে চারু কুহুমের হার, বলিলা—'কি কাজ প্রিয়ে! অস্ত্রেতে তোমার विना तर्ग, এই অস্ত্রে, জিনিবে সংসার'। "অসংখ্য অর্থবিয়ান, সৈন্য, অস্ত্র, ভরে প্রায় নিমজ্জিত কায়; বিশাল ধবল পক্ষে বন্দী করি দেব প্রভঞ্জনে দর্পে; বিক্রমে ফেণিয়া সিন্ধু; চলিল সাঁতারি যেন প্রমন্ত বারণ। চলিলাম আমি নির্ভয়ে, কেশরা যেই হরিণীরে স্থি! দিয়াছে অভয়, তবে কি ভয় জগতে? वीत-अगित्रेमी णामि, वीरतत मिन्नी, ভরিব কাহারে 

 কিন্তু অবলা-মনের না জানি কি গতি। যত আশাসিয়া মন করি ভাসমান, তত ভাবী আশস্কায় হইতেছে ভারি! ততকাল রঙ্গে মম চকিণ্ঠ কল্পনা, হায়! অজ্ঞাতে কেমনে, চিত্রিতেছে ভবিষ্যত ! যদিও না জানি,— পরচিত্ত-অন্ধকার !—বুঝিমু তথাপি ভাবী অমঙ্গল ছায়া পড়েছে হৃদয়ে

এণ্টনির। লুকাইতে সে করাল ছায়া রমণীর কাছে নাথ, হয়েছে মগন সঙ্গীতে স্থরায়।

"দ্ৰুত ভাঙ্গিল স্বপন। ভয়ঙ্কর !! একি দেখি সম্মুখে আমার ! অদীম বারিদ-পুঞ্জ, ভীম-কলেবর, পড়েছে খিসিয়া ওকি জলধি-হৃদয়ে ? থেলিছে বিছ্যুত ওকি জীযুত-ঘৰ্ষণে ? ওকি শব্দ ভয়ন্ধর ? জীমূত গর্জন ? সকলই ভ্ৰম! স্থি, শুকাইল মুখ; বিপক্ষ তরণী-ব্যুহ সজ্জিত সমরে ! বিছ্যুত,—কামান-অগ্নি; তুর্জ্বয় কামান মুক্মুক্তঃ মেঘ মজে গৰ্জিছে ভীষণ! (यहे पृभा—त्नात्व, कर्ल, हिर्छ ভय़क्कत।— দেখিলাম চার্মিয়ন্, বলিব কেমনে কামিনী-কোমল-কণ্ঠে ? শুনিবে তোমরা नाती-दर्गमल-श्रम् ? दमरथ शाक यिन প্রতিকূল প্রভঞ্জনে প্রায়ট-অস্ত্রোদ আঘাতিতে পরস্পরে, বিলোড়ি শগন, ছিন্ন নক্ত্ৰ-মণ্ডল, বুঝিবে কেমনে

প্রতিকৃল তরীব্যুহ পশিল সংগ্রামে। মুহুর্ত্তেকে ধূম-পুঞ্জে ঢাকিল জলধি আঁধারিয়া দশদিশ্; কিস্তু না পারিল সংহারক রণমূর্ত্তি লুকাতে আঁধারে। সেই অন্ধকারে স্থি ! অঙ্গ মিশাইয়া তরীর উপরে তরী ঝাপ দিল রোযে। গৰ্জিল কামান, ঝাঁপ দিল শত সূৰ্য্য কেণিল সাগরে, তরীরুন্দ বিদারিয়া নিমজ্জিয়া জলে, নররক্তে কলক্ষিয়া স্নীল সলিলে। হায়! স্থি, তুচ্ছ নর, আপনি জলধি, দেই ভীষণ নিৰ্ঘাত, তীব্র অনল-বর্ষণ, না পারি সহিতে, করিতেছে ছট্ফট্উভাল তরঙ্গে, কেণিয়া কেণিয়া; ঘন ঘন নিশ্বাসিয়া পড়িতেছে আছাড়িয়া কুলের উপরে। তরণীর প্রতিঘাত ; কামান-গর্জন ; দহ্যমান তরণীর অনল-ছ্কার; বন্দুকৈর অগ্নিবৃত্তি, অন্ত-বানৎকার; জেঙার বিজয়ধ্বনি ; জিতের চিৎকার ;-ভীষ্ণ তরঙ্গ-ভঙ্গ, সিন্ধু-আক্ষাধন

ভয়ঙ্কর ! নির্থিয়া উড়িল পরাণ ; অবলা হৃদয় ভয়ে হইল অচল। বলিলাম কর্ণধারে,—'ফিরাও তরণী, বাঁচাও পরাণ'। আজ্ঞা মাত্র সংখ্যাতীত ক্ষেপনী-ক্ষেপণে, বেগে চলিল তরণী মিশ্র-উদ্দেশে হায়! মন্দুরার মুখে ছুটিল তুরঙ্গ যেন। কিছুক্ষণ পরে সভয়ে ফিরায়ে আঁখি দেখিতে পশ্চাতে. দেখিলাম ভাঙ্গিয়াছে কপাল আমার! না দেখি তরণী মম, রণে ভঙ্গ দিয়া উন্মত্তের প্রায় ওই আসিছে এণ্টনি ! আকাশ ভাঙ্গিয়া হায়! পড়িল মস্তকে অকস্মাৎ! ভাবিলাম মনে, এ সময়ে নাথের দহিত যদি হয় দরশন, অমুতাপে নাহি জানি কোন অপমান করিবে আমার: হায়! কেন আদিলাম, আমি কেন মজিলাম ! নাহি ডুবিশ্বাম **क्निक्निक्र किल्ल श्राहि महिनाम** সেই বিষম সংগ্রামে, নাথের সম্পূর্বে ? কেন আদিলাম আমি !—কেন মজিলাম !

''অনাহারে, অনিদ্রায়, মুমূর্বের মত অবতীর্ণা হইলাম নিশরের তীরে বহুদিনে। এই রণে গিয়াছিনু, স্থি! এণ্টনির সোহাগিনী, পৃথিবীর রাণী; আদিলাম ভিখারিণী ডুবায়ে এণ্টনি। চলিলাম গৃহমুখে, বিসর্জ্জন করি মাথার মুকুট, ভাবী রোম-সিংহাসন, এণ্টনির প্রেম,—হায়! মৈশরী-জাবন!— ভূমধ্য-সাগরে; এই জীবনের মত বিসর্জিয়া যত আশা-আকাশ-কুস্তম, চলিলাম গ্ৰহে ;—কোন মতে, কোন পথে, নাহি ছিল জ্ঞান। নিল উড়াইয়া যেন মানদিক ঝটিকায়। প্রবেশি প্রাদাদে দেখিলাম অন্ধকার! নাহি সে মিশর রাজ্য, নাহি রাজধানী, দেখিমু কেবল,— অন্ধকার,—মরুভুমি,—সমস্ত ভূতল হইছেতে তরঙ্গিত ভীম ভূকম্পনে। সেঁই অন্ধকার, সেই মরুভূমি-মাঝে मिन्यू क्वित्न—प्रम मगाधि खन्न! চলিলাম সেই দিগে, উন্মাদিনী আমি!

বলিলাম—তোমারে কি ? না হয় স্বারণ, চারমিয়ন্! বলিলাম—'আদিলে এণ্টনি, অনুতাপে ক্লিওপেট্রা ত্যজিল জীবন,

কলিও প্রাণেশে মম; বলিও তাঁহারে,
 মৈণরীর শেষ ভিক্ষা—ক্ষমিও এণ্টনি!'
 সমাধির দ্বারে স্থি! প্রড়িল অর্গল।

"আসিল এণ্টনি; স্থি! নাথের সে মূর্ত্তি স্থারিলে এখনো মম বিদরে হৃদয়! প্রসারিত নেত্রদ্বয়, উন্মত্ত, উজ্জ্বল ! थ\*ा नगाउँ एक धवन थेखत. নাহি রক্ত-চিহ্ন মাত্র। বিষাদ লিথেছে রেখা কপোলে, কপালে, অনুকারী যেন বার্দ্ধকো ! চিত্রেছে শুক্লে মন্তক স্থন্দর ! এত রূপান্তর স্থি ! এই কত দিনে গিয়াছে নাথের যেন কতাই বৎসর! শুনিলা স্থীর মুথে, স্তম্ভিতের মত,— 'অমুতাপে ক্লিওপেটা, ত্যজিল জীব্ন, নৈশরীর শেষ ভিকা, ক্ষমিও এণ্টনি 'ক্ষমিলাম'—বলি নাথ হাদ্য চাপিয়া ত্বই হাতে, প্রবেশিলা রাজ-হর্মে বেগে,

বিত্যুতের গতি! হেন কালে চারি দিগে উঠিল নগরে সথি। ভীম কোলাহল। ভূমধ্য-সাগর যেন তীর অতিক্রমি প্লাবিল মিশর! ত্রাসে বাতায়ন পথে **८**मिथनाम, नट्ट मिक्नू, टेमना मिकादितत, লুটিতেছে হতভাগ্য নগর আমার। অপূর্ব্ব সিজার-গতি ! চক্ষুর নিমেষে দেরিল সমস্ত পুরী, সমাধি আমার ;---পড়িমু ব্যাধের জালে আমি কুরঙ্গিনী! কিন্তু ও কি সহচরি ? সমাধির তলে ? ওই শ্যার উপরে ?—মুনুর্ব এণ্টনি! চাহিলাম ঝাঁপ দিতে শ্য্যার উপরে. তুমি ধরিলে অমনি। তুলিলাম নাথে সমাধি উপরে, হায়! সমাধি উপরে! এই ছিল লেখা স্থি ! কপালে আমার, কে জানিত! প্রাণনাথ বলিলা আমারে-দেই স্বর প্রিয়দখি ! অস্ফুট তুর্বল !— মৈশরি! ভবের লীলা ফুরাইল আজি এণ্টদির; পৃথিবীতে প্রেয়সি! আমার वात नाहि थाराजन; कृताहेल काल,

আমি যাই অন্তাচলে। এই অন্ত্ৰ-লেখা প্ৰিয়ে হৃদয়ে আনার, নহে শক্ত দত্ত; হেন দাধ্য কার । নাহি এই ভূমণ্ডলে এণ্টনি বিজয়ী,—বিনে ক্লিওপেটা,—আজি এণ্টনির করে প্রিয়ে। আহত এণ্টনি। আদিয়াছি, শেষ স্থরা পাত্র করি পান তব সনে, প্রণয়িনী! লইতে বিদায়; দেও, প্রিয়তমে। যাই—বিদায়-চুম্বন'। ''গ্ররা করিলাম পান, চুম্বিনু চুম্বন; শুনিনু অফুট স্বরে, জন্মের মতন— 'ক্লিও—পেটা!—প্রণ—গ্রি—নী।'

'প্রাণনাথ! আমি
ক্লিওপেট্রা অভাগিনী!'—বলি উচ্চৈঃস্বরে,
আঁটিয়া হুদেশে সথি! ধরিকু হুদুয়ে।
দেখিলাম ক্রমে ক্রমে যুগল-নয়ন—
জ্যোতিতে যাহার রোম আছিল উজ্জ্বল;
অসম্ভ্যু সমর-ক্ষেত্রে, কিরণ যাহার
ছিল বিভাসিত যেন মধ্যাহ্ন-তপন;
থেলিত বিহ্যুত মত সৈন্যের হুদুয়ে
উত্তেজিয়া রণরঙ্গে;—নিবিল ক্রমশঃ।

মানব-গোরব-রবি হ'লো অস্তমিত।
'প্রাণেশ্বর! প্রাণনাথ! এন্টনি আমার!'ডাকিলাম বারস্বার উন্মাদিনী-প্রায়;
'প্রাণেশ্বর! প্রাণনাথ! এন্টনি আমার!'ন্
শুনিলাম উত্তরিল সমাধি-ভবন।
প্রাণে—শ্বর!—প্রাণ!—"

আহা ! সহিল না আর ;
অবশ মস্তক-ভরে, গ্রীবা ছঃখিনীর
পড়িল ভাঙ্গিয়া, বামা পড়িল ভূতলে,
ব্যাধ-শরে বিদ্ধ যেন বন-কপোতিনী !

অতি ব্যস্ত সখিদ্বয় ধরাধরি করি,
তুলিল শয্যায় খেত প্রস্তর-পুত্তলী।
উরঃ-বাদ, কটাবন্ধ, করিয়া মোচন,
শীতল তুযার-বারি, উরদে, বদনে,
বরবিল; কিন্তু নাহি পাইল চেতন
অভাগিনী! তবু নাহি মেলিল নয়ন।
সংচরীদ্বয় তুঃথে বদিয়া নিকটে
কান্দিতেছে স্থী-শোকে,—হদ্য় বিকল!
অক্সাং তীরবেগে, বিদ্য়া শ্য্যায়,—
মুষ্টিবৃদ্ধ কর্দ্বয়, বিস্তৃত ন্য়ন—

তাত্র জ্যোতিঃ-পরিপূর্ণ !—চাহি শ্ন্যপানে, উন্মত্ত, বিহুত, কণ্ঠে বলিতে লাগিল।— "পরিণয়!—পরিণয়!— ভুচ্ছ পরিণয় যদি না থাকে প্রণয়! প্রণয়-বিহনে পরিণয় ! পরিমল-হীন পুষ্প ! মণি-হীন ফণী,—আজীবন অনন্ত দংশক মধু-হীন মধু-চক্র,—মঞ্চিকা-পুরিত ! হেন পরিণয়-বলে, ওই দেখ সথি! এণ্টনির পাশে বশি, অগস্তা সিল্ভিয়া, থামায় কুলটা বলি করে উপহাস। কি কুলটা ক্লিওপেট্র। প্রণয়ের তরে বিদর্জিয়া কুল আমি পেয়েছিকু যারে; কুল হুচ্ছ, প্রাণ দিয়া তোরা অভাগিনী না পাইয়া তারে, আজি তোরা গরবিনী, শোড়া পরিণয় ৰলে ? পরিণয় বলে জীবলোকে তোরা নাহি পাইলি বাহাঁরে, ट्रिश्व व्यमत्रत्नांदक, शतिगम् वत्न ভারে রাখিবি কেমনে।" উন্মাদিনী হায়! ছুটিল তড়িত বেগে, সহচরীম্বয়, না পারিল প্রাণপণে রাখিতে ধরিয়া।

একটা স্থবর্ণ-কোটা খুলিল যেমতি, कुछ विषयत्र अक मना विखातिया, वमाहित विषम ख कामन कार्य,-क्रिय मुक्ष क्षी स्वन क्विल हुन्न। স্থীদ্ম উচ্চৈঃস্বরে করিল চীৎকার, ভূতলে ঢলিয়া আহা ! পড়িল মৈশরী। ''এই বেশে চার্মিয়ন়্ ভেটিয়া ছিলাম নাথে চিদনস্তীরে; এই বেশে আজি চলিলাম গ্রাণনাথে ভেটিতে আবার।" বলিতে বলিতে বিষে, কালিমা সঞ্চার, করিল অভূল রূপে; যেই রূপে হায়! সমস্ত রোমান-রাজ্য--প্রাচীনা পৃথিবী--ছিল বিমোহিত; ষেই রূপে জলে, স্থলে, হ'লো গ্রহ্মলিত কত সমর-অনল: কতই বিপ্লবে রোম হ'লো বিপ্লাবিত; निवित्त (म तान जाकि, मित्रल रेमनदी, সমর্পিরা কালে পূর্ণ যৌবন রতন ; অপূর্যম রমণী-কীর্তি--রূপে, গুরুণ, দোষে !--রাখি তুমগুলে হায়! রাখি প্রতিবিদ্ধ অসংশ্য প্রস্তরে, পটে, কাব্যে, ইতিহাদে।

## ख्यमः (भाषन ।

17 है।		প্	ক্তি	অণ্ডৰ				<b>9</b>
*		સ્	•••	রঙ্গ-ভূমিন	<b>ায়ক</b>	•••	রঙ্গভূ	ম নায়ক
:>		> 5	•••	বীর-ভার	•	• • • •		বীরভরে
>0		> 5	যুড়াই	ইল প্রাণ ; স	थि !	দ্বি !	যুড়াই	ল প্রাণ;
23	·	7		করিল বীরে	4	•••	ক্রিল	ग वीददम
20		20	•••	প্রণয়-দাতা	य	•••	প্রণ	য় দাতায়
55	পুঞায়	৮ম ঃ	শংক্রি	র শেষে—ি	क्र क्रे	ব		
53	•••••	29	***	উন্ধিলিন	*****	•••		উদ্মেষিল
<u>a</u> .	* * * * * * * * * * * * * * * * * * * *	55	•••	বিশ্ববিল	•••	•••	•••	বিলম্বিত
₹•	*****	>>	•••	বৰ্ণ	•••••	• •		কৰ্ণ
२२	•••••	>9	•••	निदाम .	****			নিরাশা
₹¢	*****	38	•••	নদীত বিং	বন		সঙ্গী	ত বিহব <b>ল</b>
3,6		22	•••	করিছে	*****	•••	•••	করিতে
€8	*****	9	•••	ত;ঃ	••••		••••	তরে
99		26	•••	—্স'কি	•••••			…'দেকি
क्षर	*****	৬	•••	ঝাপ		• • •	••••	ঝাপ
. 80		æ	•••	ক্ষমিও এ	हिनि!		ক্ষমিও	এণ্টনি!
84	•••••	34		ক্ষমিও এণ	টনি'		'ফমি	ও এণ্টনি
85		75		প্রথমেই	কোট '	চিহ্ন	বসিবে	1